দৈনিক ইত্তেফাক

তারিখ 17 JAN 1991
পৃষ্ঠা ১ কলাম ৩

171

২৫

ছাত্রঐক্যের সমাবেশে

# কুয়েত হইতে ইরাকী সৈন্য প্রত্যাহারের দাবী

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) সকালে ডাকসু ভবন প্রাঙ্গণে সর্বদলীয় ছাত্রঐক্যের সমাবেশে ছাত্রনেতাগণ বলেন, ইরাকের কুয়েত দখলের অজুহাত তুলিয়া উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্র যে যুদ্ধ পরিস্থিতি সৃষ্টি করিয়াছে, উহার বিরুদ্ধে বিশ্ববাসী সোচ্চার। অবিলম্বে ইরাককে কুয়েত ছাড়িতে হইবে এবং একই সঙ্গে উপসাগরীয় অঞ্চল হইতে মার্কিনসহ সকল বিদেশী সৈন্য অপসারণ করিতে হইবে।

অন্যান্যের মধ্যে মোস্তফা ফারুক, নাসিরউদ্দুজা, ফয়জুল হাকিম, আখতার সোবহান মাসরুর, আবদুস

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ছাত্রঐক্যের সমাবেশ

(১ম পৃঃ পর)

সাত্তার খান প্রমুখ বক্তৃতা করেন।

নেতৃবৃন্দ অস্থায়ী প্রেসিডেন্টের নিকট অবিলম্বে উপসাগরীয় অঞ্চল হইতে সকল বাংলাদেশী সৈন্য ফিরাইয়া আনার দাবী জানাইয়া বলেন, স্বৈরাচারী এরশাদ সরকারের আমলে অনুসৃত নতজানু বৈদেশিক নীতির পরিবর্তন করা উচিত।

তাঁহারা আরও বলেন, উপসাগরীয় অঞ্চলে দীর্ঘদিন সাম্রাজ্যবাদ, রাজতন্ত্র এবং সামরিক-বেসামরিক আমলাতন্ত্রের তেল সম্পদকে কেন্দ্র করিয়া আগ্রাসন ও যুদ্ধ পরিস্থিতির সহিত বাংলাদেশ যুক্ত হইতে পারে না। বাংলাদেশের জোটনিরপেক্ষ বৈদেশিক নীতি অসামঞ্জস্যপূর্ণ এই ধারা বাতিলের জন্য তাহারা দাবী জানান।

সমাবেশে শুরুতে ক্যাম্পাসের ভিতরে এবং পরে প্রেসক্লাব পর্যন্ত বিক্ষোভ মিছিল করা হয়। বাংলাদেশ ছাত্র ফেডারেশন, গণতান্ত্রিক ছাত্র একতা ও ইসলামী ছাত্র শিবির পৃথক পৃথক বিবৃতিতে উপসাগরীয় অঞ্চলে যুদ্ধ এড়াইয়া শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টা অব্যাহত রাখার উপর গুরুত্ব আরোপ করেন।